**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**[ কাস্টমস ও মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং- ১৬৫-আইন/২০২৬/২০/কাস্টমস** ।- সরকার, কাস্টমস আইন ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এবং আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত H.S. Code: 8702.40.00 এর বিপরীতে ইলেকট্রিক বাস এবং H.S. Code: 8704.60.00 এর বিপরীতে ইলেকট্রিক ট্রাক বর্ণনার পণ্যসমূহের স্থানীয়ভাবে উৎপাদন ও সংযোজনের লক্ষ্যে নিম্নের শর্তাবলি পরিপালন সাপেক্ষে উক্ত পণ্যসমূহ উৎপাদনকারী কর্তৃক উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও খুচরা যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় মূল্য সংযোজন কর (VAT) যেই পরিমাণ মূল্যভিত্তিক (Ad Valorem), ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় কাস্টমস ডিউটি (CD), রেগুলেটরি ডিউটি (RD), সম্পূরক শুল্ক (SD), আগাম কর (AT) ও অগ্রীম আয়কর (AIT) হইতে এতদ্দারা অব্যাহতি প্রদান করিল-

**<u>শর্তাবলি</u>**

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ বা বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হইতে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ হইতে পণ্য উৎপাদনের মেকার’স কোড (Maker’s Code) এবং টাইপ অনুমোদন (type approval) গ্রহণ করিতে হইবে;

(গ) পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ব্র্যান্ড ম্যানুফ্যাকচারার অনুমোদিত পেইন্ট শপ থাকিতে হইবে, বডি চেসিসসহ অন্যান্য যন্ত্রাংশসমূহ প্রাইমার কোট ব্যতীত বা প্রাইমার কোট করা অবস্থায় আমদানি করিতে পারিবে, তবে ফাইনাল রং করা থাকিতে পারিবে না, ফাইনাল রং এর কার্যক্রম প্রতিষ্ঠানের নিজস্ব পেইন্ট শপ দ্বারা সম্পাদন করিতে হইবে;

(ঘ) সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে চেসিস মেটিং (Chassis Mating) ও ব্যাটারি প্যাক মাউন্টিং, ড্রাইভট্রেইন ইনস্টলেশন (Drivetrain Installation) কার্যক্রমসহ গাড়ির ইনটেরিয়র এর সিট, ড্যাশবোর্ড, ওয়ারিং হারনেস, প্রযোজ্য ক্ষেত্রে, ইনফোটেইনমেন্ট সিস্টেম, HVAC System (Heating, Ventilation, and Air Conditioning) ইত্যাদি এসেম্বলিং কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

(ঙ) পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে পৃথক টেস্টিং, কোয়ালিটি কন্ট্রোল ও প্রি-ডেলিভারী ইন্সপেকশন এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ছ) যথাযথ কাস্টমার সেবা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধীনে বিক্রয়, খুচরা যন্ত্রাংশ ও বিক্রয়োত্তর সেবা প্রদানের ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(জ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট একটি ঘোষণা দাখিল করিতে হইবে যাহার একটি প্রত্যয়িত কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

৩। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনে উল্লিখিত সকল শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট ৩০ জুন, ২০৩১ খ্রিষ্টাব্দ এর মধ্যে আবেদন করিতে হইবে।

৪। উক্ত পণ্য উৎপাদনের লক্ষ্যে নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | প্রথম সচিব (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড | আহ্বায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | বোর্ড কর্তৃক নির্ধারিত যেকোনো পাবলিক প্রকৌশল বিশ্ববিদ্যালয় এর ১ (এক) জন যথোপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| (ঙ) | দ্বিতীয় সচিব (কাস্টমস), জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য সচিব। |

৫। অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত কমিটি, উহার গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উল্লিখিত অব্যাহতি প্রদান করিয়া আদেশ জারি করিতে পারিবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৭। কোনো পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৬ এর বিধানাবলি পরিপালন করিতে ব্যর্থ হইলে উক্তরূপ অব্যাহতি প্রাপ্য হইবে না।

৮। অব্যাহতি সুবিধা প্রাপ্ত কোনো প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করিতেছে কিনা উহা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার যেকোনো সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন অনুসন্ধানের পরিপ্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং বোর্ড, অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১০। অনুচ্ছেদ ৫ এ উল্লিখিত অব্যাহতি প্রদান সংক্রান্ত আদেশ জারির তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর প্রজ্ঞাপনের সকল শর্তাবলি পরিপালন সাপেক্ষে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩১ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

# পরিশিষ্ট
## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**ইলেকট্রিক বাস/ট্রাক অথবা উহার কোনো পার্টস বা যন্ত্রাংশ তৈরির উপকরণ বা কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:**

১। প্রতিষ্ঠানের নাম :

২। ঠিকানা :

৩। মূসক নিবন্ধন নম্বর :

| ক্র:নং: | পণ্যের নাম ও H.S. Code | একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S Code সহ) | অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি) | অপচয়ের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার স্বাক্ষর,
তারিখ ও সীল

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
কর্মকর্তা/স্বত্তাধিকারীর
নাম, স্বাক্ষর ও তারিখ

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।